

সংকর জাতের বেগুন

জাত :- নিশাইমপ্রভুড, ছায়া, ব্লেক ডায়মন্ড, সঞ্জীবনী।

বীজ বোনার সময় :- বৈশাখ, ও আশ্বিন -কার্তিক ।

কানি প্রতি বীজের পরিমাণ :- ৬০-৮০ গ্রাম

জমি তৈরি :- ২-৩ বার ভাল করে চাষ এবং মই দিয়ে মাটি বুর বুরে করে নিন। এই সময় আগাছা ভাল করে পরিস্কার করুন এবং জল নিকাশের ব্যবস্থা রাখুন ।

কানি প্রতি সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-

গোবর সার বা খামার পঁচা সার - ৪০০০ কেজি,
ইউরিয়া - ৫০ কেজি,
সুপার ফসফেট - ৪৮ কেজি,
পটাশ - ১৩ কেজি

পি.এস.বি. ও অ্যাজোটোব্যাকটর^২ কেজি করে

গোবর সার বা খামার পঁচা সার প্রথম চাষে বাকি সারের ৫০% ইউরিয়া সমস্ত সুপার ফসফেট ৫০% পটাশ ও পি.এস.বি. ও অ্যাজোটোব্যাকটরমূল জমি তৈরি করার সময় শেষ চাষে প্রয়োগ করুন । বাকি সার দুই করে প্রয়োগ করুন ।

দূরত্ব :- সারি থেকে সারি ৯০ সেমি এবং গাছ থেকে গাছ ৬০ সেমি।

লাগাবার নিয়ম :- ২৫-৩০ দিনের চারা দূরত্ব অনুযায়ী লাগাতে হয়।

সময় কাল :- ৭৫-১৫০ দিন

আম্ভবতী পরিচর্যা :- চারা রোপনের ২০ থেকে ২৫ দিন পর ভাল করে নিড়ানী দিয়ে আগাছা পরিস্কার করুন । গাছের গোড়ায় হাল্ক করে মাটি ধরিয়ে দিন।

জলসেচ :- প্রয়োজন অনুযায়ী নালাতে সেচ দিন

কানি প্রতি উৎপাদন :- ৩.৫-৫.০ মে.টন।